করোনার আরেকটি লক্ষণ চিহ্নিত, চিন্তায় চিকিৎসকরা

শুধু সর্দি, কাশি, জ্বর, গলাব্যথা বা শ্বাসকষ্ট নয়। করোনা রোগীর শরীরে দেখা যাচ্ছে আরও কয়েকটি সাধারণ লক্ষণ, জানাচ্ছে মার্কিন সংস্থা সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন বা সিডিসি৷ যার মধ্যে আছে মাথাব্যথা, যখন-তখন শীতের অনুভূতি, প্রবল শীত বোধ থেকে দেহে কাঁপুনি ধরা এবং দেহের বিভিন্ন মাংসপেশিতে ব্যথা৷

মার্কিন মুলুকে তো বটেই ইংল্যান্ড, ইতালি, ফ্রান্সসহ বিশ্বের বিভিন্ন দেশে এই লক্ষণগুলো দেখা যাচ্ছে নানা বয়সের করোনা আক্রান্তদের মধ্যে।

শুধু তাই নয়, এই একই ধরণের লক্ষণ দেখা গেছে দিল্লির সরকারি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল এইমসের বেশ কয়েকজন রোগীর মধ্যেও, যারা করোনার ‘আদর্শ’ লক্ষণ নিয়ে হাসপাতালে আসেননি৷ পরে তাদের শরীরেও সংক্রমণ মিলেছে৷
পুরো বিষয়টিতে যথেষ্ট চিন্তিত নয়াদিল্লি এইমসের সঙ্গে যুক্ত চিকিৎসকরা৷ সংক্রামক রোগ বিভাগের সঙ্গে যুক্ত এইমসের সিনিয়র রেসিডেন্ট চিকিৎসক নাজনিন নাহার বেগম জানিয়েছেন তার অভিজ্ঞতা, ‘এখানে এমন অনেক রোগী দেখা গেছে, যাদের মধ্যে করোনার কপি বুক লক্ষণ ছিল না৷ তাদের মধ্যে অনেকেই জ্বর, সর্দি, কাশি, শ্বাসকষ্টের সমস্যায় ভুগছিলেন না৷ তারা মাথা ব্যথা, শীত বোধ করা এবং সারা গায়ের বিভিন্ন জায়গায় ব্যথার কথা বলেন৷ এই ধরনের রোগের উপসর্গ নিয়ে সাধারণত কোনও ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হয় না৷ এখানেও করা হয়নি৷ কিন্তু অনেকের দেহে এমন উপসর্গ দেখা যাচ্ছে, এটা লক্ষ করার পরই প্রত্যেকের করোনা পরীক্ষা করার সিদ্ধান্ত নেওয়া হয়৷ তখন দেখা যায় তারা করোনা পজিটিভ৷’

পুরো বিষয়টি যে যথেষ্ট চিন্তার, তা স্পষ্টই জানিয়েছেন বাঙালি চিকিৎসক নাজনিন৷ তার কথায়, ‘এই রোগটা সম্পর্কে গোটা বিশ্বই খুব কম জানে৷ আর আমরা বোধহয় আরও কম৷ স্বভাবতই কোনও নির্দিষ্ট মডিউল মেনে এই রোগের চিকিৎসা করতে গেলে বারেবারে সমস্যায় পড়তে হতে পারে আমাদের৷ ব্যক্তিগতভাবে আমার মনে হয়, পুরো বিষয়টিতে একটু নমনীয় থাকা ভালো৷ হটস্পট থেকে আসা কোনও লক্ষণহীন ব্যক্তির

অবশ্যই আগে করোনা পরীক্ষা করা দরকার৷ একজন আগন্তুকের শরীরে কোনও রোগের উপসর্গ দেখে সেই বিষয়ে নিশ্চিত হতে গেলে পরীক্ষা ছাড়া দ্বিতীয় কোনও পন্থা নেই আমাদের কাছে৷ তাই কপি বুক লক্ষণের বাইরে সিডিসির পরামর্শ অনুযায়ী উপসর্গ সম্পন্ন কোনও ব্যক্তি চোখে পড়লেই তার করোনা পরীক্ষা করা উচিত৷ এর ফলে সংশ্লিষ্ট ব্যক্তির কোনও ক্ষতির সম্ভাবনা নেই, উল্টে যদি তার করোনা হয়ে থাকে, তাহলে যত দ্রুত ধরা পড়বে, ততই ভালো৷’

দিল্লি এইমসে কর্মরত আর এক বাঙালি চিকিৎসক সায়ন নাথও জানিয়েছেন, তিনি ‘কপি বুক’ করোনা লক্ষণের বাইরে মাংসপেশিতে ব্যথা, মাথা ব্যথা, শীত বোধ করা, প্রবল শীত বোধ থেকে শরীরে কাঁপুনি ধরার উপসর্গ সম্পন্ন রোগী দেখেছেন এইমসে৷

এই প্রসঙ্গে এইমসের এক অধ্যাপক জানিয়েছেন তার অভিব্যক্তি৷ তার কথায়, ‘আমার মনে হয়, যত দিন যাবে, ততই নতুন নতুন লক্ষণ যুক্ত হবে করোনার লক্ষণ তালিকায়৷ যতদিন না এই ভাইরাসের সব রহস্যভেদ হবে, ততদিন এই সন্দেহভাজন লক্ষণের তালিকা বাড়তেই থাকলে আমি অবাক হব না৷’ সূত্র: এই সময়

মুজিবনগরে যুব সংঘের উদ্যেগে অসহায় ব্যাক্তিদের মাঝে ত্রাণ বিতরণ

মুজিবনগর উপজেলার আনন্দবাস ৯ নং ওয়ার্ড যুবসংঘের উদ্যেগে করোনা ভাইরাসের কারনে অসহায় ও কর্মহিন হয়ে পড়া ৫০ টি পরিবারের মাঝে খাবার সামগ্রী বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার বিকালে সকলের বাড়ি বাড়ি গিয়ে এ সকল খাবার সামগ্রী বিতরণ করা হয়।

এ সময় মুজিবনগর উপজেলা আনন্দবাস গ্রামের ০৯ নং ওয়ার্ড যুব সংঘের সভাপতি ইমরান হোসেন, সহ সভাপতি পলাশ হোসেনসহ যুব সংঘের সদস্যরা

উপস্থিত ছিলেন।

যুব সংঘের সভাপতি বলেন, করোনা ভাইরাসরর কারনে বিভিন্ন মানুষ কর্মহীন হয়ে পরেছে। এতে কর্মহীন হয়ে পরা মানুষগুলো অসহায় হয়ে পরেছে। সকলেই খাদ্যে সংকটে ভুগছে। আর আমরা তাদের এই খাদ্য সংকট ঘুচাতে তাদের পাশে দারানোর সিদ্ধান্ত নিই।
পরে আমাদের ক্লাবের সদস্যদের নিজ অর্থায়নে অসহায় ৫০ টি পরিবারের মাঝে এ সকল খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় চিকিৎসকসহ ৪ করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ার মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক নারী চিকিৎসকসহ ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে দৌলতপুর উপজেলার ৩ জন রয়েছেন।

এবারই কুষ্টিয়ার ২৫০ শয্যা হাসপাতালে পিসিআর ল্যাব স্থাপনের পর প্রথমবারের মতো চারজন করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন।

এ নিয়ে জেলায় মোট ৮ জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী রয়েছেন বলে জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ এএইচ আনোয়ারুল ইসলাম।

তিনি জানান, রোববার (২৬ এপ্রিল) বিকাল পর্যন্ত মোট ৬০টি নমুনা পরীক্ষা হয়। এরমধ্যে কুষ্টিয়ার মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক চিকিৎসকসহ মোট ৪ জনের শরীরে করোনা পজেটিভ শনাক্ত হয়েছে।

এরআগে এক চিকিৎসকসহ মোট ৪ জন করোনায় সংক্রমিত হয়। এতে করে কুষ্টিয়ায় করোনা সংক্রমিতের সংখ্যা দাঁড়ালো ৮ জনে। এরমধ্যে গত এক সপ্তাহে ঢাকা থেকে করোনা পজেটিভ নিয়ে ৩ জন কুষ্টিয়ায় আসেন। তাদের দুইজনকে কুষ্টিয়ার ২৫০ শয্যার হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে রাখা হয়।

একজনকে শনিবার উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠনো হয়।

মেহেরপুর পৌর মেয়রের সহায়তায় হাসি ফুটছে হাজার পরিবারে

মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত রয়েছে।

শহরের প্রতিটি ওয়ার্ডে বাড়ি বাড়ি গিয়ে খাদ্য উপহার সামগ্রী তুলে দিচ্ছেন নিজ হাতে।

এই দুর্যোগে মেয়রের এমন সহায়তায় হাসি ফুটছে হাজার হাজার পরিবারে।

এরই ধারাবাহিকতায় রবিবার বিকালে শহরের ২ নং ওয়ার্ড বোসপাড়ায় বিতরণ করেন খাদ্য সামগ্রী।

এছাড়াও গত দুইদিন ধরে শহীদ রিপন টাওয়ার থেকে কর্মহীনদের মাঝে বিনামূল্যে কাঁচা সবজী বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌরসভা ও মেয়রের নিজস্ব অর্থায়নে চলমান এই খাদ্য সামগ্রী বিতরণ আগামীতেও অব্যাহত থাকবে বলে জানান মেয়র মাহফুজুর রহমান রিটন।

তিনি আরও বলেন, এক মাসেরও বেশি সময় ধরে মেহেরপুরের মানুষ কর্মহীন হয়ে আছে। কবে নাগাদ এই সমস্যা থেকে আমরা পরিত্রাণ পাবো বলা যাচ্ছে না। লম্বা সময় ধরে লক ডাউন চলমান থাকায় সবার মধ্যেই খাদ্য চাহিদা দেখা দিয়েছে। এজন্য ধনী, গরিব, দল-মত নির্বিশেষে সকলের মাঝে সামন্য উপহার সামগ্রী পৌঁছে দেওয়ার চেষ্টা করছি।

আমার পৌরসভায় একজন মানুষও না খেয়ে থাকবে না। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এই খাদ্য বিতরণ চলমান থাকবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সচিবের সাথে প্রেস ব্রিফিং

মেহেরপুরে প্রাথমিক ও গনশিক্ষা মন্ত্রনালয়ের সচিব ও জেলা ত্রাণ কার্যক্রমের সমন্বয়ক আকরাম-আল হোসেন এর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় করোনা মোকাবেলায় করনীয় ও ত্রাণ ব্যবস্থাপনা,স্বাস্থ্য ও আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনা করা হয়।
বক্তব্য দেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু।

মেপ্র/এমএফআর

কোটচাঁদপুরে প্রথম করোনাভাইরাসে আক্রাক্ত যুবক

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় প্রথম একুশ বছর বয়স্ক এক যুবক করোনাভাইরাস আক্রান্ত হয়েছেন। রবিবার (২৬এপ্রিল) সকালে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের বরাদ দিয়ে ভিডিও বার্তায় বিষয়টি নিশ্চিত করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। করোনাভাইরাসে আক্রান্ত ওই যুবকের বাড়ী উপজেলার দোড়া ইউনিয়নের পাঁচলীয়া গ্রামে। পেশায় সে রাজমিস্ত্রী।

ডাঃ আব্দুর রশীদ জানান, গত মঙ্গলবার (২১এপ্রিল) বিকালে উপজেলার

পাঁচলীয়া গ্রামের ওই যুবক সর্দি, কাশি, জ¦র ও শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে আসেন। যুবকের করোনার উপসর্গ থাকায় তাকে স্বাস্থ্য কমপ্লেক্সের আইসোলেশনে রাখা হয়। পরে তার শরীর থেকে নমুনা সংগ্রহ করে পরিক্ষার জন্য যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পাঠানো হয়েছিল। রবিবার (২৬এপ্রিল) সকালে ওই যুবকের শরীরে করোনা পজেটিভ রিপোর্ট পায়।

এলাকাবাসী সূত্রে জানাযায়, অতিস্মপ্রতি মাগুরায় রাজমিস্ত্রীর কাজ করাকালীন সময়ে সে অসুস্থ্যবোধ করলে শ^শুরবাড়ী কোটচাঁদপুর উপজেলার জালালপুর গ্রামে চলে আসেন। সেখানে তার সর্দি কাশি জ¦র ও শ্বাসকষ্ট বেড়ে গেলে সে পাঁচলীয়া গ্রামে নিজ বাড়ীতে চলে আসেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশীদ জানান, করোনা আক্রান্ত যুবককে হাসপাতালের আইসোলেশনে রেখেই চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। তিনি আরও জানান, সারা দেশে যেভাবে করোনা রোগী সনাক্ত হচ্ছে তাতে সামাজিক দুরুত্ব বজায় না রাখলে পরিস্থিতি আরও নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তাই সকলের উচিত স্বাস্থ্য বিধি মেনে চলা। এবং যথাসম্ভব ঘরে থাকা।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা জানান, করোনা আক্রান্ত ওই যুবকের বাড়ী উপজেলার পাঁচলিয়া গ্রাম লকডাউন করা হয়েছে। এদিকে কোটচাঁদপুরে প্রথম করোনা সনাক্ত হওয়ায় এলাকার সচেতন মহলে আতঙ্ক বিরাজ করছে। অন্যদিকে হাট-বাজারে থেমে নেই লোক সমাগম। অসচেতন অবস্থায়ই মানুষ চলা-ফেরা ও নিত্যপ্রযোজনীয় জিনিস ক্রয়-বিক্রয় করছে।

করোনা: মৃত্যুর মিছিলে আরও ৫ জন, নতুন আক্রান্ত ৪১৮

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৪৫ জনে।

গত ২৪ ঘণ্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয় ৩৪৭৬ জনের। একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৪১৮ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ৫ হাজার ৪১৬ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন করে ৯ জনসহ মোট সুস্থ হয়েছেন ১২২ জন।

রোববার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৩ হাজার ৬৮০ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। পরীক্ষা করা হয়েছে ৩ হাজার ৪৭৬ টি নমুনা। এর মধ্যে করোনা শনাক্ত হয়েছেন ৪১৮ জন।

ডা. নাসিমা বলেন, একই সময়ে আক্রান্তদের মধ্যে মারা গেছেন ৫ জন। এর মধ্যে চারজনই ঢাকার বাসিন্দা। এছাড়া সুস্থ হয়েছেন আরও ৯ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের উহান শহরে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে ‘কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

সেলুনে গিয়ে করোনায় আক্রান্ত ৬ ভারতীয়

ভারতের মধ্যপ্রদেশে সেলুনে গিয়ে ছয় ব্যক্তি করোনায় আক্রান্ত হয়েছেন। সেলুনটি মধ্যপ্রদেশের খারগোনে জেলার বারগাঁওয়ে অবস্থিত। এ ঘটনার পর পুলিশ পুরো গ্রামটি সিল করে দিয়েছে বলে জানিয়েছে এনডিটিভি।

ভারতীয় এ সংবাদমাধ্যম জানায়, একই কাপড় ব্যবহার করে ওই ছয়জনের

চুল-দাড়ি কেটেছিলেন নাপিত। গত ৫ এপ্রিল ইন্দোরের হোটেলে কাজ করা এক বাসিন্দা গ্রামে ফিরে চুল-দাড়ি কাটতে ওই সেলুনে যান। পরে তার শরীরে কোভিড-১৯ সংক্রমণ ধরা পড়ে।

এ ঘটনার পর ওই দিন আরও যে ১২ জন সেলুনে গিয়েছিলেন তাদেরও পরীক্ষা করানো হয়। তাদের মধ্যে ছয়জনের শরীরে সংক্রমণ মিলেছে।

তবে সেলুনের নাপিতের করোনা পরীক্ষায় নেগেটিভ এসেছে বলে জানিয়েছেন খারগোনে জেলার চিকিৎসা ও স্বাস্থ্য কর্মকর্তা ড. দিব্যেশ ভার্মা।

প্রসঙ্গত খারগোনে জেলায় ৬০ জন আক্রান্ত হয়েছেন করোনায়। মারা গেছেন ছয়জন। ভারতে এখন পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত ২৫ হাজারের বেশি। মারা গেছেন ৭৭৯ জন। সূত্র-যুগান্তর

মৃত্যুপুরী যুক্তরাষ্ট্রে প্রাণহানি ৫৪ হাজার ছাড়াল, আক্রান্ত সাড়ে ৯ লাখ

বৈশ্বিক মহামারী করোনাভাইরাসে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে যুক্তরাষ্ট্রে। লাশের সারি দীর্ঘ হতে হতে দেশটি মৃত্যুপুরীতে পরিণত হয়েছে। মৃত্যুর সংখ্যার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে আক্রান্তের সংখ্যা।

করোনায় প্রাণহানি ও আক্রান্তের পরিসংখ্যান রাখা আন্তর্জাতিক সংস্থা ওয়ার্ল্ডওমিটারের তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছে ৯ লাখ ৬০ হাজার ৬৫১ জন।

অন্যদিকে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৫৪ হাজার ২৫৬ জনের। ইতোমধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে উঠেছেন ১ লাখ ১৮ হাজার ১৬২ জন। তবে ১৫ হাজার ১১০ জনের অবস্থা এখনও আশঙ্কাজনক।

যুক্তরাষ্ট্রের জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান অনুযায়ী,

দেশটিতে আক্রান্তের সংখ্যা ৯ লাখ ৩৮ হাজার ৭২ জন। অন্যদিকে মারা গেছে ৫৩ হাজার ৭৫১ জন।

এখন পর্যন্ত বিশ্বের ২১০ দেশ ও অঞ্চলে করোনার প্রকোপ ছড়িয়ে পড়েছে। তবে করোনায় সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃত্যু ঘটেছে যুক্তরাষ্ট্রেই। দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথম দিকে বৈশ্বিক এই মহামারীকে গুরুত্ব দেননি।

দেশটির সব অঙ্গরাজ্যেই করোনা ছড়িয়ে পড়েছে। তবে করোনায় সবচেয়ে বেশি বিপর্যস্ত নিউইয়র্ক অঙ্গরাজ্য। সেখানে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ২ লাখ ৮২ হাজার ১৪৩ জন। মারা গেছেন অন্তত ২২ হাজার ৯ জন।

এর পরেই রয়েছে নিউজার্সি। সেখানে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১ লাখ ৫ হাজার ৪৯৮ জন। করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ৫ হাজার ৯১৪ জন। অন্যদিকে ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যে এখন পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছে ৫৩ হাজার ৩৪৮ জন। মারা গেছেন ২ হাজার ৭৩০ জন।

এদিকে বিশ্বে করোনায় আক্রান্ত হয়েছেন ২ লাখ ৩ হাজার ২৮৯ জন। আর আক্রান্ত হয়েছেন ২৯ লাখ ২১ হাজার ৪৩৯ জন। ইতোমধ্যে সুস্থ হয়ে উঠেছে ৮ লাখ ৩৬ হাজার ৯৪১ জন।

সূত্র-যুগান্তর

মুজিবনগর সরকারের অর্থ সচিব আসাদুজ্জামানের ইন্তেকাল

মুজিবনগর সরকারের অর্থ সচিব বীর মুক্তিযোদ্ধা খন্দকার আসাদুজ্জামান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।)

আজ (শনিবার) তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর ছয় মাস।

এদিকে আসাদুজ্জামান এর মৃত্যুতে শোক জানিয়েছেন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সড়ক ও যোগাযোগ মন্ত্রী ওবাইদুল কাদের এমপি।

খন্দকার আসাদুজ্জামান ১৯৩৫ সালের ২২ অক্টোবর টাঙ্গাইলে জন্মগ্রহণ করেন।

জীবদ্দশায় তিনি মুক্তিযোদ্ধা ও মুজিবনগর সরকারের অর্থ সচিব ছিলেন। ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক উপদেষ্টা ও বঙ্গবন্ধু শিশু কিশোর পরিষদের সাবেক সভাপতি।

তিনি টাঙ্গাইল-২ আসন থেকে ১৯৯৬ সালের জুন মাসের সপ্তম জাতীয় সংসদ নির্বাচন এবং ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচন এবং ২০১৪ সালে দশম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন।

মেপ্র/এমএফআর